



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০১.১৫.৬৮


তারিখ ১৩ এপ্রিল ২০২১খ্রি।  
৩০ শে চৈত্র ১৪২৭ ব।

### পরিপত্র

বিষয়: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ ধর্মীয় ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠান এবং বিভিন্ন জনবহুল স্থানে 'ক্রোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন, উপজেলা পরিষদ, পৌরসভা, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের অনুকূলে নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। উক্ত অর্থ দ্বারা সারাদেশের গ্রামীণ রাস্তাঘাট উন্নয়নসহ বিভিন্ন শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নের পাশাপাশি গ্রামীণ উন্নয়নকে আরও যুগপোয়ুগী করার লক্ষ্যে জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে 'ক্রোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা গ্রামীণ রাস্তাঘাট উন্নয়নসহ বিভিন্ন শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নের পাশাপাশি সকল নির্বাচনী এলাকার জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠান ও সামাজিক/জনকল্যাণমূলক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে 'ক্রোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প বাস্তবায়নে জনস্বার্থে 'পরিপত্র' জারী করা হলো। উল্লেখ্য, এখন হতে সিদ্ধান্তটি বিদ্যমান গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা-২০১৪ তে অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।

  
২০/০৪/২০২১  
(আবু সাইদ মোঃ কামাল)  
উপসচিব (ত্রাক-২)  
ফোন নং-৯৫৪০১৪৩।

### বিতরণঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, .....(সকল)।
- ৩। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পরিপত্রটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। বার্তাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
- ৮। অতিরিক্ত সচিব,.....(সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।